30শে ডিসেম্বর 2016

চেন্নাই, ভারত

প্রেসের বার্তা

পিয়ারসন অ্যাকাডেমি ইন্ডিয়া এবং ভারতীয় জনসাধারণকে আরো তথ্যসমৃদ্ধ হয়ে কেরিয়ার বেছে নিতে সাহায্য করার জন্য ছয়টি ভারতীয় ভাষায় কেরিয়ারের পথনির্দেশকারী সরঞ্জাম নতুন প্রকাশ করেছে।

মনস্তাত্বিক মূল্যায়নের একটি প্রথমসারির বিশ্বব্যাপী প্রকাশক পিয়ারসন ক্লিনিক্যাল এন্ড ট্যালেন্ট অ্যাসেসমেন্ট-এর শাখা পিয়ারসন অ্যাকাডেমি ইন্ডিয়া (পিএআই) ভারতে উপযুক্ত কেরিয়ারের পথদেখানোর জন্য মাই চয়েস মাই ফিউচার(এম সি এম এফ) নামের একটি অনলাইন ব্যক্তিত্ব মূল্যায়নের সমাধান ছয়টি **ভারতীয় ভাষায়** ছয়টি সংস্করণ আজ প্রথম প্রকাশ করেছে। এমসিএমএফ বিদ্যালয় এবং কলেজের ছাত্রছাত্রী এবং পেশাদার ব্যক্তিদের তাদের সত্যিকারের ব্যক্তিত্ব খুঁজে পেতে এবং তাদের আদর্শ ব্যক্তিত্বের গুণাবলীকে উপযুক্ত কেরিয়ারে কাজে লাগাতে সাহায্য করে। আইআইটি-ম্যাড্রাসে ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ সাইকোলজিস্টস(এনএওপি)-এর ২৬তম বার্ষিক সম্মেলন চলাকালীন অনুষ্ঠিত এই প্রকাশনার অনুষ্ঠানটিতে সারা দেশের বিভিন্ন শিক্ষাবীদ, বিদ্যালয় এবং মানসিক-স্বাস্থ্য বিষয়ের পেশাদারব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

এমসিএমএফ-এর ভারতীয় ভাষায় সংস্করণগুলির দ্বারা ছাত্রছাত্রী এবং পেশাদারব্যক্তিরা ইংরাজী ছাড়াও **ছয়টি ভারতীয় ভাষা যেমন- হিন্দি, বাংলা, কানাড়া, মালয়ালম, তামিল এবং তেলেগুতে** তাদের ব্যক্তিত্বের স্বমূল্যায়ন করতে পারবে। ইংরাজীতে মাই চয়েস মাই ফিউচার প্রকাশ হবার পর এই বিভিন্ন ভাষায় সংস্করণগুলি প্রকাশিত হবে এবং প্রচুর সংখ্যক ছাত্রছাত্রী ও পেশাদারব্যক্তিরা আরো তথ্যসমৃদ্ধ হয়ে কেরিয়ার সম্পর্কিত সিদ্ধান্ত নিতে সক্ষম হবে। এমসিএমএফ-এর ভারতীয় ভাষায় সংস্করণগুলি কেরিয়ারের পথনির্দেশের সরঞ্জামগুলির একটি বহুদিনের ফাঁকা স্থান পূরণ করতে সক্ষম হবে যেটি যেসব ভারতীয় ইংরাজী বলতে অক্ষম তাদের মধ্যে ছড়িয়ে পড়বে।

এমসিএমএফ-এর ভারতীয় ভাষায় সংস্করণগুলি পিয়ারসন অ্যাকাডেমি ইন্ডিয়া(পিএআই)-এর পোর্টফোলিওতে সংযুক্ত হয়ে পিএআই-এর কেরিয়ারের পথনির্দেশের প্রস্তাবগুলিকে কে-১২ এবং উচ্চশিক্ষার বিভিন্ন বিভাগেও ছড়িয়ে দিয়েছে। পিএআই-এর লক্ষ্য হল সারা ভারত জুড়ে হাজার-হাজার বিদ্যালয় এবং অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে এই বিজ্ঞানসম্মত এবং প্রাসঙ্গিক কেরিয়ারের পথনির্দেশের সরঞ্জামটিকে পৌঁছে দিয়ে অসংখ্য লড়াকু তরুণ-তরুণী বিশেষত ইংরাজী ভাষায় সীমিত বা কোন দখল না থাকা কোনো ব্যক্তিবিশেষকে সঠিক এবং তাৎপর্যপূর্ণ কেরিয়ার বেছে নিতে সাহায্য করা।

মাই চয়েস মাই ফিউচার সম্বন্ধীয়

এমসিএমএফ শব্দভিত্তিক পরীক্ষামূলক গবেষণা এবং এটি পরিসংখ্যার দিক থেকে সারা ভারতের ৪২০০-এরও বেশি ছাত্রছাত্রীর নমুনা দ্বারা সমর্থিত। এমসিএমএফ নির্ভরযোগ্যভাবে ভারতীয় সমাজের পেশাগুলিকে বিশদভাবে ব্যাখ্যা করে একজন ব্যক্তিবিশেষের **ব্যক্তিত্বের বারোটি বৈশিষ্ট্য**. মূল্যায়ন করে। এই বারোটি

চারটি ব্যক্তিত্বের মূল বৈশিষ্ট্য এবং **আটটি ব্যক্তিত্বের কেরিয়ার-বিষয়ক বৈশিষ্ট্য** হিসাবে ভাগ করা হয়েছে। ব্যক্তিত্বের এই মূল বৈশিষ্ট্যগুলি একজন ব্যক্তির যেকোন কেরিয়ার নির্বাচনের ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ। ব্যক্তিত্বের কেরিয়ার-বিষয়ক বৈশিষ্ট্যগুলি কেরিয়ারের কার্যক্ষেত্রের সাথে সম্পর্কযুক্ত। ব্যক্তিত্বের প্রতিটি বৈশিষ্ট্যকে ছয়টি দিক থেকে বিবেচনা করা হয়েছে।

৩০ মিনিটের মূল্যায়নের শেষে পরীক্ষার্থীরা সঙ্গে সঙ্গে -নিজে থেকে তৈরি, বিস্তারিত এবং প্রত্যেকের নিজ-নিজ একটি করে ব্যক্তিত্বের রিপোর্ট পেয়ে যান। পিএআই এই সমাধানের অংশ হিসাবে তার পরীক্ষার্থীদের স্বীকৃতিপ্রাপ্ত এমসিএমএফ কাউন্সিলারদের জাতীয় নেটওয়ার্কের সাথে সংযুক্ত করে যাতে পরীক্ষার্থীরা এমসিএমএফ-এর ব্যক্তিত্বের রিপোর্টের ভিত্তিতে ডাটা নির্ভর কেরিয়ার কাউন্সিলিং পেতে পারে।

এমসিএমএফ-এর উপকারিতা

· শিক্ষার্থী অথবা পেশাদার পরীক্ষার্থীরা তাদের কেরিয়ার-সম্পর্কিত ব্যক্তিত্বের প্রধান বৈশিষ্ট্যগুলি বাস্তবমুখী ধারণা লাভ করে এবং এইভাবে তথ্যসমৃদ্ধ হয়ে কেরিয়ার সম্পর্কে তাৎপর্য্যপূর্ণ সিদ্ধান্তগুলি নিতে পারে।

· বাবা-মায়েরা তাদের শিশুদের কেরিয়ার সম্পর্কে আগ্রহের সাপেক্ষে তাদের ক্রমবিকাশ্য ব্যক্তিত্বের প্রধান দিকগুলি বুঝতে সক্ষম হবেন, এবং তাদের শিশুদের ব্যক্তিগত বিকাশ ও কেরিয়ার সম্পর্কে পছন্দগুলিকে সমর্থন করতেও সক্ষম হবেন

· বিদ্যালয় এবং কেরিয়ার কাউন্সিলাররা শিক্ষার্থী এবং অন্যান্য ব্যক্তিবিশেষের ব্যক্তিত্বের প্রোফাইল সম্পর্কে মৌলিক তথ্যগুলি পাবেন এবং তাদেরকে উপযুক্ত কেরিয়ারের পথ খুঁজে পেতে কার্যকর, অর্থপূর্ণ কেরিয়ার কাউন্সিলিং এবং উপদেশ দিতে পারবেন।

এমসিএমএফ-এর ভারতীয় ভাষায় সংস্করণগুলি ব্যবহারের উপকারিতা

ভাষার অপশনগুলি ইংরাজি ভাষায় যথেষ্ট দখল না থাকা পরীক্ষার্থীদের কেরিয়ার সম্পর্কে আগ্রহ এবং ব্যক্তিত্বের অসমতাগুলিকে আরো নিখুঁতভাবে তুলে ধরে

মাতৃভাষা মাধ্যমের বিদ্যালয়ের শিক্ষার্থীরাও লেখাপড়ার ধারাবাহিক গুরুত্বপূর্ণ ধাপগুলিতে সঠিক কেরিয়ারের পথনির্দেশ পেতে পারবে

সরকার দ্বারা সমর্থিত দক্ষতা বিকাশ এবং বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচীগুলি শহরাঞ্চলের বাইরে বসবাসকারী শিশু এবং যুবসমাজের কাছে পৌঁছে যেতে পারবে

এই অনলাইন মূল্যায়নের ভারতীয় ভাষার সংস্করণগুলি ভারত সরকারের ডিজিটাল ইন্ডিয়া তৈরির উদ্যোগগুলিতেও কাজে লাগে

পিয়ারসন ক্লিনিক্যাল এন্ড ট্যালেন্ট অ্যাসেসমেন্টের কান্ট্রি হেড এবং ডিরেকটর **ফিলিপ কুরিয়ান** বলেছেন, “আমরা এমসিএমএফ-এর ভারতীয় ভাষায় সংস্করণগুলি বাজারে আনার সিদ্ধান্ত নিয়েছিলাম আমাদের এমন এক মূল্যায়ন দ্রব্য নিয়ে আসার প্রতিশ্রুতি পালন করতে যা আমাদের বিশ্বজনীন মান প্রতিফলনের সাথে-সাথে ভারতীয় সংবেদনশীলতাকে পরিতৃপ্ত করতে পারবে। এমসিএমএফ ভারতীয় ছাত্রছাত্রী এবং

পেশাদারব্যক্তিদের তাদের মৌলিক অন্তর্দৃষ্টির ভিত্তিতে এবং তাদের পছন্দের ভাষায় তাদের কেরিয়ারের যাত্রাকে বর্ণনা করতে সক্ষম করে তুলবে।”

আইআইটি-ম্যাড্রাসের ডিপার্টমেন্ট অফ ম্যানেজমেন্ট স্টাডিজের অধ্যাপক **এল.এস.গণেশ** দুপুরের খাবার তার প্রধান বক্তৃতায় বলেছেন, “আমাদের যুবসমাজের কাছে, বিশেষত তাদের কেরিয়ারের দৃষ্টিকোণ থেকে, তাদের ব্যক্তিত্বের মূল্যায়নের জন্য একটি নির্ভরযোগ্য মাধ্যম খুবই গুরুত্বপূর্ণ। পেশাগত সন্তুষ্টি এবং কার্যক্ষেত্রে আরো ভালো ফলাফলের জন্য ব্যক্তির ব্যক্তিত্বের সাথে তার পছন্দের কেরিয়ারের সমন্বয়সাধন প্রয়োজন।”

পিয়ারসন ক্লিনিক্যাল অ্যান্ড ট্যালেন্ট অ্যাসেসমেন্ট(পিসিটিএ)-এর কার্যকরী শাখা হল **পিয়ারসন অ্যাকাডেমি ইন্ডিয়া(পিএআই)**। পিএআই সার্ভিসেস মনস্তাত্ত্বিক মূল্যায়ন ও অন্তর্ভুক্তিমূলক সেবা, পেশাগত প্রশিক্ষণ ও স্বীকৃতিদান এবং কেরিয়ার কাউন্সিলিং-এর কাজের সাথে-সাথে সকল ব্যক্তিবিশেষের মনস্তাত্ত্বিক কল্যাণ সাধন এবং তাদেরকে অনুকূল শিক্ষাদান করে।

পিএআই সার্ভিসেস সম্পর্কে আরো জানতে লগ ইন করুন www.pearsonclinical.in/pai

পিয়ারসন ক্লিনিক্যাল অ্যান্ড ট্যালেন্ট অ্যাসেসমেন্ট (পিসিটিএ) ১০০ বছর ধরে পরীক্ষা প্রকাশনায় প্রথম স্থানে রয়েছে। এটি এমন অনেক পরীক্ষা প্রচলন করেছে যেগুলি এখন নিজ-নিজ ক্ষেত্রে আন্তর্জাতিক মানের। পিসিটিএ-এর লক্ষ্য হল মনস্তাত্ত্বিক মূল্যায়ন এবং অন্তর্ভুক্তিমূলক সমাধানের পেশাগত ব্যবহারের দ্বারা মানসিক-স্বাস্থ্য এবং মনস্তাত্ত্বিক কল্যাণকে তুলে ধরা, যেগুলি সকল বয়সের ব্যক্তির ব্যক্তিগত, শিক্ষাগত এবং পেশাগত জীবনের রূপান্তর ঘটাতে পারে। পিসিটিএ হল পিয়ারসনের একটি অংশ যেটি একটি বিশ্বমানের শিক্ষামূলক কোম্পানি।

পিয়ারসন ক্লিনিক্যাল এন্ড ট্যালেন্ট অ্যাসেসমেন্ট(পিসিটিএ) সম্পর্কে আরো জানতে লগ ইন করুন www.pearsonclinical.in

দ্রষ্টব্য:

ডিপার্টমেন্ট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ টেকনোলজি, ম্যাড্রাসের সিনিয়ার অধ্যাপকগণ এবং গবেষকগণের সহায়তায় বোধব্রিজ নামের শিক্ষাবিষয়ের সেবামূলক কোম্পানির দ্বারা এমসিএমএফ নির্মিত হয়েছিল। ভারত এবং ভারতীয় উপমহাদেশগুলিতে সকল শিক্ষাক্ষেত্র এবং ব্যক্তির কাছে এমসিএমএফ-কে উপলব্ধ করে তুলতে বোধব্রিজের সাথে পিসিটিএও একচেটিয়া অংশীদারী।

সমাপ্ত

আরো তথ্যের জন্য ইউলজি মিডিয়ার সাথে যোগাযোগ করুন: